MAR. 02 2001
তারিখ ..
পৃষ্ঠা ..২.. কলাম ..৩..

# চট্টগ্রাম শিক্ষা বোর্ডের নিয়োগের ওপর নিষেধাজ্ঞা

**যুগান্তর রিপোর্ট**

হাইকোর্টের একটি বেঞ্চ চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ১৬টি পদে নিয়োগের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। একইসঙ্গে বোর্ডের চেয়ারম্যান, সচিব ও নিয়োগ কমিটির চেয়ারম্যানের ওপর রুল জারি করে কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতিযোগ্য এই ১৬টি পদে সরাসরি নিয়োগের বিজ্ঞপ্তি কেন বেআইনি ও বাতিল ঘোষণা করা হবে না কারণ দর্শাতে নির্দেশ দেয়া হয়।

বিচারপতি এমএ আজিজ ও বিচারপতি মোঃ শামসুল হুদা সমন্বয়ে গঠিত হাইকোর্ট বিভাগের বেঞ্চ থেকে এক রিট আবেদনের ভিত্তিতে গতকাল এই রুল জারি করা হয়। চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্মচারী সংসদের সাধারণ সম্পাদক জাহেদ হোসেনসহ অন্যান্যের রিট আবেদনটি দাখিল করেন।